# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আযানের পর মসজিদ ছেড়ে বের হওয়া মাকরূহ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْخُرُوجِ مِنَ الْمَسْجِدِ بَعْدَ الأَذَانِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ الْمُهَاجِرِ، عَنْ أَبِي الشَّعْثَاءِ، قَالَ خَرَجَ رَجُلٌ مِنَ الْمَسْجِدِ بَعْدَ مَا أُذِّنَ فِيهِ بِالْعَصْرِ فَقَالَ أَبُو هُرَيْرَةَ أَمَّا هَذَا فَقَدْ عَصَى أَبَا الْقَاسِمِ صلى الله عليه وسلم . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عُثْمَانَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَعَلَى هَذَا الْعَمَلُ عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ أَنْ لاَ يَخْرُجَ أَحَدٌ مِنَ الْمَسْجِدِ بَعْدَ الأَذَانِ إِلاَّ مِنْ عُذْرٍ أَنْ يَكُونَ عَلَى غَيْرِ وُضُوءٍ أَوْ أَمْرٌ لاَ بُدَّ مِنْهُ . وَيُرْوَى عَنْ إِبْرَاهِيمَ النَّخَعِيِّ أَنَّهُ قَالَ يَخْرُجُ مَا لَمْ يَأْخُذِ الْمُؤَذِّنُ فِي الإِقَامَةِ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا عِنْدَنَا لِمَنْ لَهُ عُذْرٌ فِي الْخُرُوجِ مِنْهُ . وَأَبُو الشَّعْثَاءِ اسْمُهُ سُلَيْمُ بْنُ أَسْوَدَ وَهُوَ وَالِدُ أَشْعَثَ بْنِ أَبِي الشَّعْثَاءِ . وَقَدْ رَوَى أَشْعَثُ بْنُ أَبِي الشَّعْثَاءِ هَذَا الْحَدِيثَ عَنْ أَبِيهِ .

বাংলা

২০৪. হান্নাদ (রহঃ) ..... আবুশ শা’ছা (রহঃ) থেকে বর্ণনা করেন যে, আসরের আযানের পর এক ব্যক্তি মসজিদ ছেড়ে বের হয়ে গেলে আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বললেন এই ব্যক্তি আবূল কাসিম (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নাফরমানি করল। - ইবনু মাজাহ ৭৩৩, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২০৪ [আল মাদানী প্রকাশনী]

সাহাবী ও পরবর্তী যুগের আলিমগণ এই হাদিস অনুসারে আমল করেছেন। তাঁরা বলেন উযূ (ওজু/অজু/অযু) বা অত্যাবশ্যক প্রয়োজনের মত কোন উযর ব্যতিরেকে আযানের পর কেউ মসজিদ থেকে বের হয়ে যাবে না। ইবরহীম নাখঈ (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন মুয়াজ্জীন ইকামত শুরু না করা পর্যন্ত মসজিদ ছেড়ে বের হওয়া যাবে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেন আযানের পর ইকামতের পূর্বে মসজিদ থেকে বেরিয়ে যাওয়ার অনুমতি কেবলমাত্র ঐ ব্যক্তির ক্ষেত্রেই প্রযোজ্য হবে যার বিশেষ কোন উযর রয়েছে। আবূশ শা’ছা এর

নাম হল সুলায়ম ইবনুল আসওয়াদ। তিনি আশআছ ইবনু আবুশ শা’ছা এর পিতা। আশআছ তাঁর পিতা আবূশ শা’ছা থেকেও এই হাদিসটি রিওয়ায়াত করেছেন।

## English

Abu Ash-Sha'tha said:
"A man exited the Masjid after the Adhan for Asr had been called. So Abu Hurairah said: 'As for this person, he has indeed disobeyed Abul Qasim."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবুশ-শা‘সা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17393

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন